সংবাদ।

৭৬

তারিখ ৭।১০।৮০
পৃষ্ঠা … কলাম …

# রাজবাড়ী সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভা অনুষ্ঠিত

রাজবাড়ী, ৪ঠা অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।--রাজবাড়ী সরকারী মহাবিদ্যালয়ের কতিপয় ছাত্র কর্তৃক মহাবিদ্যালয়ের অধ্যাপকের গৃহে রাতের অন্ধকারে ইটপাটকেল নিক্ষেপ এবং পরোপরি ৪ জন অধ্যাপক নির্মমভাবে প্রহৃত হওয়ার প্রতিবাদে রাজবাড়ী সরকারী মহাবিদ্যালয় শিক্ষক পরিষদের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বাবু বিধু ভূষণ চন্দ্র। সভায় শিক্ষকগণ উল্লেখিত ঘটনার তীব্র নিন্দা করেন এবং উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে ২৮শে সেপ্টেম্বর থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত প্রতীক কর্মবিরতি এবং ১৯৮১-র স্নাতক বিজ্ঞান পরীক্ষার ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। প্রকাশ, স্নাতক পরীক্ষাকে কেন্দ্র করেই কতিপয় ছাত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে না পারার দরুন রাতে কলেজের অধ্যাপক শংকর চন্দ্র সিংহার বাড়ীতে ইট-পাটকেল নিক্ষেপ করে এবং দু'দিন পর সন্ধ্যার অন্ধকারে অধ্যাপক দস্তানুল ইসলাম, অধ্যাপক আমজাদ হোসেন, অধ্যাপক মাহবুবুর রহমান এবং অধ্যাপক সুকুমার অধিকারী--এই চারজন অধ্যাপককে নির্মমভাবে প্রহার করে।